বহুবিকল্পভিত্তিক প্রশ্নাবলীর **(MCQ)** এবং সংক্ষিপ্ত উত্তরভিত্তিক প্রশ্নাবলীর **(SAQ)** উত্তর, উত্তরপত্রে প্রদত্ত নির্দিষ্ট ছাপানো **TABLE**-এ লিখতে হবে।

( বহুবিকল্পভিত্তিক প্রশ্নাবলী )

1. প্রতিটি প্রশ্নের বিকল্প উত্তরগুলির মধ্যে থেকে সঠিক উত্তরটি বেছে প্রদত্ত মূল উত্তরপত্রে লেখো : $1 \times 21 = 21$

(i) সোয়ালো হোল যে পথ দ্বারা ভূগর্ভের সাথে যুক্ত থাকে, তাকে বলে

(a) হাম্‌স্ (b) ডোলাইন

(c) পোনোর (d) পোলজি।

(ii) যে শিলাস্তর জল ধরে রাখতে বা পরিবাহিত করতে সমর্থ নয়, তাকে বলে

(a) অ্যাকুইফিউজ (b) অ্যাকুইফার

(c) অ্যাকুইডাক্ট (d) অ্যাকুইক্লুড।

(iii) কেরলের মালাবার উপকূল যে প্রকার উপকূলের উদাহরণ, সেটি হলো

(a) ফিয়র্ড উপকূল (b) ডালমেশিয়ান উপকূল

(c) রিয়া উপকূল (d) যৌগিক উপকূল।



ExamBangla.com

(iv) স্বাভাবিক ক্ষয়চক্রের বার্ধক্য পর্যায়ে সৃষ্ট একটি ভূমিরূপ হলো

(a) মোনাড্‌নক (b) নিক্ বিন্দু

(c) ইনসেলবার্জ (d) হাম্‌স্।

(v) মরু অঞ্চলে প্লায়াকে কেন্দ্র করে যে নদী–নক্‌শা গঠিত হয়, সেটি হলো

(a) বৃক্ষরূপী নদী–নক্‌শা (b) কেন্দ্রমুখী নদী–নক্‌শা

(c) পিনেট নদী নক্‌শা (d) আয়তাকার নদী–নক্‌শা।

(vi) মরু অঞ্চলে সৃষ্ট মাটি হলো

(a) হিস্টোসল (b) অ্যারিডিসল

(c) মলিসল (d) অ্যান্ডিসল।

(vii) মৃত্তিকার যে স্তরে উদ্ভিদ ও প্রাণীর দেহাবশেষ আংশিক বা সম্পূর্ণরূপে বিয়োজিত হয়ে হিউমাসে পরিণত হয়, সেই স্তরটি হলো

(a) 'A' স্তর (b) 'B' স্তর

(c) 'O' স্তর (d) 'R' স্তর।

ExamBangla.com

(viii) ব্রাজিলের আমাজন অববাহিকা যে জলবায়ু অঞ্চলে অবস্থিত, তা হলো

(a) উষ্ণ মরু জলবায়ু অঞ্চল (b) মৌসুমী জলবায়ু অঞ্চল

(c) ভূমধ্যসাগরীয় জলবায়ু অঞ্চল (d) নিরক্ষীয় জলবায়ু অঞ্চল।

(ix) এল-নিনো এবং লা-নিনার প্রভাব সর্বাধিক পরিলক্ষিত হয়

(a) আটলান্টিক মহাসাগরে (b) প্রশান্ত মহাসাগরে

(c) ভারত মহাসাগরে (d) সুমেরু মহাসাগরে।

(x) দক্ষিণ চীন সাগরে সৃষ্ট ঘূর্ণাবর্ত যে নামে পরিচিত, তা হলো

(a) উইলি-উইলি (b) টর্নেডো

(c) হ্যারিকেন (d) টাইফুন।

(xi) UNESCO কর্তৃক 'মানুষ ও জীবমণ্ডল কর্মসূচী' প্রথম গৃহীত হয়

(a) 1961 খ্রীষ্টাব্দে (b) 1971 খ্রীষ্টাব্দে

(c) 1981 খ্রীষ্টাব্দে (d) 1991 খ্রীষ্টাব্দে।

ExamBangla.com

(xii) 'জৈব বিপর্যয়'-এর একটি উদাহরণ হলো

(a) 1984 খ্রীষ্টাব্দের ভূপাল গ্যাস দুর্ঘটনা

(b) 2020 খ্রীষ্টাব্দের COVID-19 অতিমারী

(c) 2004 খ্রীষ্টাব্দে ভারত মহাসাগরে সৃষ্ট সুনামি

(d) 2009 খ্রীষ্টাব্দে সৃষ্ট 'আয়লা' ঘূর্ণিঝড়।

(xiii) প্রাথমিক অর্থনৈতিক কার্যাবলির অন্তর্ভুক্ত নয়, এমন একটি অর্থনৈতিক কার্যাবলির উদাহরণ হলো

(a) খাদ্য সংগ্রহ

(b) পশুপালক যাযাবরবৃত্তি

(c) স্থানান্তর কৃষি

(d) খাদ্য প্রক্রিয়াকরণ।

(xiv) ভারতে বাগিচা কৃষির সাথে যুক্ত নয় এমন একটি ফসল হলো

(a) চা

(b) কফি

(c) কার্পাস

(d) রবার।

(xv) শিল্পের অবস্থানগত তত্ত্ব সর্বপ্রথম প্রবর্তন করেন

(a) অগাস্ট লশ

(b) আলফ্রেড ওয়েবার

(c) ই. ডব্লু. জিমারম্যান

(d) জে. সি. উইভার।

ExamBangla.com

(xvi) ভারতে প্রথম কাগজ কল স্থাপিত হয়

(a) টিটাগড়ে (b) শ্রীরামপুরে

(c) রানীগঞ্জে (d) নৈহাটিতে।

(xvii) WTO-র সদর দপ্তরটি অবস্থিত

(a) ভিয়েনায় (b) নিউ ইয়র্কে

(c) জেনিভাতে (d) [illegible]।

(xviii) শিল্পে নিযুক্ত কর্মীদের বলা হয়

(a) সাদা পোশাকের কর্মী (b) লাল পোশাকের কর্মী

(c) নীল পোশাকের কর্মী (d) গোলাপি পোশাকের কর্মী।

(xix) ভারতে [illegible]লিঙ্গ অনুপাত নির্ণয়ের সূত্রটি হলো

(a) $\frac{\text{মোট নারীর সংখ্যা}}{\text{মোট পুরুষের সংখ্যা}} \times 100$

(b) $\frac{\text{মোট নারীর সংখ্যা}}{\text{মোট পুরুষের সংখ্যা}} \times 1000$

(c) $\frac{\text{মোট পুরুষের সংখ্যা}}{\text{মোট নারীর সংখ্যা}} \times 100$

(d) $\frac{\text{মোট পুরুষের সংখ্যা}}{\text{মোট নারীর সংখ্যা}} \times 1000.$

(xx) উপকূলস্থ বালিয়াড়ি বরাবর যে প্রকারের বসতি গড়ে ওঠে, তা হলো

(a) পিণ্ডাকৃতি বসতি (b) আয়তাকার বসতি

(c) রৈখিক বসতি (d) বৃত্তাকার বসতি।

(xxi) হলদিয়া বন্দরটি যে দুটি নদীর সংযোগস্থলে অবস্থিত, সেগুলি হলো

(a) হলদি নদী এবং হুগলি নদী

(b) হলদি নদী এবং রূপনারায়ণ নদী

(c) হলদি নদী এবং কেলেঘাই নদী

(d) হলদি নদী এবং শিলাবতী নদী।

**( সংক্ষিপ্ত উত্তরভিত্তিক প্রশ্নাবলী )**

2. **নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়) :** $1 \times 14 = 14$

(i) 'বহির্জাত প্রক্রিয়া' বলতে কী বোঝায় ?

অথবা

'টেরারোসা' কী ?

ExamBangla.com

(ii) 'পশ্চাদ্ তটভূমি' কাকে বলে ?

অথবা

গ্রেট বেরিয়ার রীফ কোন্ মহাদেশের অন্তর্গত ?

(iii) 'ইনসেলবার্জ' কাকে বলে ?

(iv) 'জলনির্গম প্রণালী'র সংজ্ঞা দাও।

অথবা

'অধ্যারোপিত নদী'র সংজ্ঞা দাও।

(v) 'পডজলিকরণ' বলতে কী বোঝায় ?

অথবা

মৃত্তিকাস্থিত প্রধান তিনটি পুষ্টিমৌলের নাম লেখো।

(vi) একটি খরা–প্রতিরোধী ও একটি খরা–সহ্যকারী উদ্ভিদের নাম লেখো।

বাবলা

(vii) ওজোন গ্যাসের ঘনত্ব পরিমাপের এককের নাম লেখো।

অথবা

'4 O'clock rain' কোন্ জলবায়ু অঞ্চলের সাথে যুক্ত ?





ExamBangla.com

(viii) 'বিপন্ন প্রজাতি' বলতে কী বোঝায় ?

অথবা

'বহিঃক্ষেত্রীয় সংরক্ষণ' কাকে বলে ?

(ix) ভারতীয় আবহাওয়া দপ্তর প্রদত্ত 'খরা'র সংজ্ঞা দাও।

(x) 'বাণিজ্য কৃষি' কাকে বলে ?

অথবা

ভারতে সয়াবীন উৎপাদনকারী দুটি উল্লেখযোগ্য রাজ্যের নাম করো।

(xi) 'আইসোটিম'-এর সংজ্ঞা দাও।

(xii) 'অতি নব্য অর্থনৈতিক কার্যাবলি' বলতে কী বোঝায় ?

(xiii) 'কাম্য জনসংখ্যা' বলতে কী বোঝায় ?

(xiv) বেঙ্গালুরুকে 'ভারতের সিলিকন ভ্যালি' বলা হয় কেন ?

ExamBangla.com

( বিষয়ভিত্তিক / বর্ণনামূলক প্রশ্নাবলী )

3. নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়) : $7 \times 5 = 35$

(a) সমুদ্রতরঙ্গের ক্ষয়কাজের ফলে গঠিত যে কোনো তিনটি ভূমিরূপ চিত্রসহ বর্ণনা করো। 'কেন্দ্রবিমুখ নদী-নকশা' বলতে কী বোঝায় ? 6 + 1

অথবা

ভূমির পুনর্যৌবনলাভের ফলে গঠিত যে কোনো দুটি ভূমিরূপ চিত্রসহ বর্ণনা করো। মাটি সৃষ্টিতে জলবায়ুর ভূমিকা আলোচনা করো। 4 + 3

(b) 'গ্রিনহাউস গ্যাস'গুলির নাম লেখো। ওজোন স্তরের অবক্ষয়ের ফলাফল আলোচনা করো। 2 + 5

অথবা

দুর্যোগ ও বিপর্যয়ের মধ্যে দুটি পার্থক্য লেখো। লবণাম্বু উদ্ভিদের অভিযোজনগত বৈশিষ্ট্যগুলি আলোচনা করো। বন্যাকে 'আধা-প্রাকৃতিক দুর্যোগ' বলা হয় কেন ? 2 + 3 + 2

ExamBangla.com

(c) শুষ্ক কৃষি কাকে বলে ? মিশরে উন্নতমানের কার্পাস উৎপন্ন হওয়ার কারণ ব্যাখ্যা করো। গুজরাটে 'শ্বেত বিপ্লব'-এর সূচনার কারণ বিশ্লেষণ করো।

1 + 3 + 3

(d) ভারতের পশ্চিমাঞ্চলে পেট্রো-রসায়ন শিল্পের উন্নতির কারণ ব্যাখ্যা করো। আমেরিকা যুক্তরাষ্ট্রের কার্পাস-বয়ন শিল্পের বণ্টন সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

4 + 3

(e) বিশ্বব্যাপী জনসংখ্যা বণ্টনের উপর পরিব্রাজনের প্রভাব আলোচনা করো। ছত্তিশগড়ের খনিজ সম্পদের একটি বিবরণ দাও। ভারতের আদমসুমারি অনুযায়ী 'মহানগর'-এর সংজ্ঞা দাও।

3 + 3 + 1

**অথবা**

ভারতের পরিকল্পনা অঞ্চলের স্তরক্রম আলোচনা করো। গোষ্ঠীবদ্ধ জনবসতি গড়ে ওঠার কারণগুলি বিশ্লেষণ করো।

4 + 3

ExamBangla.com